



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৬৫০০.০১৭.২৭.০০১.১৭- ২৮৬

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।  
১৪ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।


### প্রজ্ঞাপন

যেহেতু, নড়াইল জেলার লোহাগড়া উপজেলার লোহাগড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ নজরুল ইসলাম সিকদারের বিরুদ্ধে লোহাগড়া থানায় জনৈক নাজমিন বেগম এর স্বামীকে হত্যার অভিযোগে লোহাগড়া থানায় ১৪৩/৩৪১/৩২৩/৩২৫/ ৩২৬/৩০৭/৩৭৯/৫০৬/৩০২/৩৪/১১৪ ধারায় দায়েরকৃত মামলা নং-১৮ (জি আর মামলা নং-৪০/২০২০), তারিখ: ২৫/০২/২০২০ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে এবং জেলা প্রশাসক, নড়াইল বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, নড়াইল জেলার লোহাগড়া উপজেলার লোহাগড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ নজরুল ইসলাম সিকদারের বিরুদ্ধে লোহাগড়া থানায় জনৈক নাজমিন বেগম এর স্বামীকে হত্যার অভিযোগে লোহাগড়া থানায় ১৪৩/৩৪১/৩২৩/৩২৫/ ৩২৬/৩০৭/৩৭৯/৫০৬/৩০২/৩৪/১১৪ ধারায় দায়েরকৃত মামলা নং-১৮ (জি আর মামলা নং-৪০/২০২০), তারিখ: ২৫/০২/২০২০ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, নড়াইল জেলার লোহাগড়া উপজেলার লোহাগড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ নজরুল ইসলাম সিকদার সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

  
(মো: আবুজাফর রিপন)  
উপসচিব  
ফোন: ৯৫৮৬৬০৫  
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৬৫০০.০১৭.২৭.০০১.১৭- ২৮৬


তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ।  
১৪ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ।

### বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, নড়াইল।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, লোহাগড়া, নড়াইল।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মোঃ নজরুল ইসলাম সিকদার, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), লোহাগড়া ইউনিয়ন পরিষদ, লোহাগড়া, নড়াইল।

### অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মো: আবুজাফর রিপন)  
উপসচিব